

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
আঞ্চলিক কার্যালয়
১৭, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম
www.bscic.chittagongdiv.gov.bd



সভাপতি : সৈয়দ বখতিয়ার উদ্দিন আহমেদ
ব্যবস্থাপক (চ.দা.)
সভার তারিখ : ২৩/০৩/২০২১ খ্রি.
সভার সময় : বিকেল ০৪.০০ ঘটিকা
স্থান : আঞ্চলিক পরিচালক মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'


শুদ্ধাচার সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত ত্রৈমাসিক সভার কার্যবিবরণী (মার্চ, ২০২১ খ্রি.)

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং ব্যক্তিগত ও জাতীয় জীবনে শুদ্ধাচারের গুরুত্ব তুলে ধরেন। অতপর সভাপতি মহোদয় অনুমতিক্রমে বিসিক আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামের বিশেষজ্ঞ ও শুদ্ধাচার নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব কোহিনুর আক্তার গত ডিসেম্বর, ২০২০ খ্রি. মাসের শুদ্ধাচার সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত ত্রৈমাসিক সভার সিদ্ধান্তনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পেশ করেন। অতঃপর ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার সূচকের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে কমিটির সদস্যদের সাথে আলোচনা করেন। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	কোভিড-১৯ মোকাবেলায় সচেতনতা বৃদ্ধিকরন	কোভিড-১৯ মোকাবেলায় সকল কর্মকর্তা/কর্মচারীদের মাঝে পরিধান ও স্বাস্থ্য বিধি মেনে অফিস করতে হবে এবং সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলতে হবে।	বিসিক আঞ্চলিক কার্যালয় ও আওতাধীন সকল কার্যালয়
২	নির্দিষ্ট সময়ের মধ্যে অত্যাবশ্যকীয় রিপোর্ট প্রেরণ নিশ্চিতকরণ	মাসিক/ত্রৈমাসিক/ষাণ্মাসিক এবং সময়ে সময়ে চাহিত সকল রিপোর্ট যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	ঐ
৩	যথাসময়ের মধ্যে অনির্পন্ন কাজ সম্পন্ন করা	অনির্পন্ন কাজের তথ্য সঠিকভাবে প্রেরণ এবং যথাসময়ের মধ্যে তা সম্পাদনে চেষ্টা অব্যাহত রাখতে হবে।	ঐ
৪	প্রাপ্ত পত্রাদি যথাযথভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন	ডাকযোগে অথবা অনলাইনে প্রাপ্ত সকল চিঠি যথাযথভাবে উপস্থাপন করতে হবে এবং সংশ্লিষ্ট পত্রের প্রয়োজনীয় জবাব যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	ঐ
৫	দ্রুত মামলাসমূহ নিষ্পত্তিকরন	বছরের পর বছর ধরে চলতে থাকা বিসিকের মামলাসমূহ বিসিকের স্থানীয় আইন উপদেষ্টাদের সাথে যোগাযোগ করে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দিষ্ট তারিখে আদালতে উপস্থিত থেকে মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।	ঐ
৬	কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ	বিসিক প্রধান কার্যালয়/আঞ্চলিক লোক প্রশাসন কেন্দ্র/ জেলা প্রশাসকের কার্যালয়/সরকারি অন্যান্য সংস্থার মাধ্যমে সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।	ঐ
৭	অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকরন	অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকরনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করতে হবে এবং অডিট আপত্তি যাতে কম হয় সে জন্য আর্থিক বিষয়সমূহ যথাযথ পদ্ধতিতে অনসরণ করতে হবে।	ঐ

৮	সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান নিশ্চিতকরন	সিটিজেন চার্টার অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদেয় সেবা প্রদান নিশ্চিত করতে হবে। জনবান্ধব সেবা প্রদানের মাধ্যমে বিসিকের ভাবমূর্তি বাড়াতে সকলকে সচেতন থাকতে হবে।	ঐ
৯	দুর্নীতি প্রতিরোধকল্পে সচেতনতা বৃদ্ধিকরন	দুর্নীতি প্রতিরোধকল্পে সকল কর্মকর্তা/কর্মচারীদের সচেতন হতে হবে এবং সবাইকে দ্বায়িত্ববান হয়ে অর্পিত দ্বায়িত্ব পালনে সচেতন থাকতে হবে।	ঐ
১০	অনৈতিক কর্মকাণ্ডে জড়ানো থেকে বিরত থাকা	সকল কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় ব্রত হয়ে যাবতীয় কার্য সম্পাদন করতে হবে এবং ব্যক্তিগত পর্যায় থেকে শুরু করে অফিসের কাজেও অনৈতিক কর্মকাণ্ডে জড়ানো থেকে বিরত থাকতে হবে।	ঐ

উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় শুদ্ধাচার ও নৈতিকতা বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করার জন্য সকলকে আহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 (সৈয়দ বখতিয়ার উদ্দিন আহমেদ)
 ব্যবস্থাপক (চ.দা.)
 ও
 সভাপতি
 শুদ্ধাচার নৈতিকতা কমিটি

স্মারক নং: ৩৬.০২.০০২০.০০০.১৬.০০৯.১৩/১২৬৬ (২০)

তারিখ ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

বিতরণ: কার্যার্থে

১. উপ-মহাব্যবস্থাপক / সহকারী মহাব্যবস্থাপক / উপ-ব্যবস্থাপক
বিসিক জেলা কার্যালয়,
২. উপ-মহাব্যবস্থাপক, বিসিক লবণ শিল্পের উন্নয়ন কার্যালয়, কক্সবাজার
৩. সহকারী মহাব্যবস্থাপক, বিসিক সিআইডিপি, রাঙ্গামাটি পার্বত্য জেলা

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. সচিব, বিসিক, ঢাকা
২. আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম
৩. সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার নৈতিকতা কমিটি, বিসিক, ঢাকা

পরিশিষ্ট 'ক'

ক্র. নং	নাম	পদবী	মন্তব্য
১	জনাব সৈয়দ বখতিয়ার উদ্দিন আহমেদ	ব্যবস্থাপক (ট.সং.)	
২	জনাব নিজাম উদ্দিন	বিশেষজ্ঞ-১ ও সহকারী নিয়ন্ত্রক (অ. দা.)	
৩	জনাব একেএম সাদেকুর রহমান	নির্বাহী প্রকৌশলী	
৪	জনাব মো. মেরাজ উদ্দিন	বিশেষজ্ঞ-৩	
৫	জনাব মুহাম্মদ নুরুল আবছার	বিশেষজ্ঞ-৪	
৬	জনাব শ্যামলী সাহা	পরিধারণ ও মূল্যায়ন কর্মকর্তা-১	
৭	জনাব মোঃ আমিন উর রশীদ শাহ	পরিধারণ ও মূল্যায়ন কর্মকর্তা-২	
৮	জনাব দুলাল চন্দ্র সরকার	প্রশাসনিক কর্মকর্তা	
৯	জনাব জয়শ্রী প্রভা সাহা	জুনিয়র অফিসার	
১০	জনাব শিপ্রা বড়ুয়া	এসিসি	
১১	জনাব জ্যোতিশ চন্দ্র রায়,	সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর	
১২	জনাব সবিতা ভট্টাচার্য	কেয়ারটেকার	
১৩	জনাব মোঃ আবদুর রাজ্জাক	উচ্চমান সহকারী	
১৪	জনাব মোস্তার আহমেদ	হিসাব সহকারী	
১৫	জনাব মাহাবুব মুর্শিদ	সিসিটি	

আমন্ত্রিত অতিথি: জনাব মো: মোতাহার হোসেন, আঞ্চলিক পরিচালক, (উপসচিব), বিসিক আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম

স্বাক্ষর

২৪.৩.২০


(কোহিনুর আক্তার)

বিশেষজ্ঞ

ও

সদস্য সচিব

শুদ্ধাচার নৈতিকতা কমিটি



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
আঞ্চলিক কার্যালয়
১৭ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম
www.bscic.chittagongdiv.gov.bd



আঞ্চলিক পরিচালক মহোদয়ের অফিস কক্ষে ২৩/০৩/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত ত্রৈমাসিক সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা।

ক্র. নং	নাম ও পদবী	দপ্তর	স্বাক্ষর
১	জনাব সৈয়দ বখতিয়ার উদ্দিন আহমেদ উপব্যবস্থাপক	বিসিক আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম	
২	জনাব নিজাম উদ্দিন বিশেষজ্ঞ-১ ও সহকারী নিয়ন্ত্রক (অ. দা.)	ঐ	
৩	জনাব কোহিনুর আক্তার বিশেষজ্ঞ-২	ঐ	
৪	জনাব একেএম সাদেকুর রহমান নির্বাহী প্রকৌশলী	ঐ	
৫	জনাব মো. মেরাজ উদ্দিন বিশেষজ্ঞ-৩	ঐ	
৬	জনাব মুহাম্মদ নুরুল আবছার বিশেষজ্ঞ-৪	ঐ	
৭	জনাব শ্যামলী সাহা পরিধারণ ও মূল্যায়ন কর্মকর্তা-১	ঐ	
৮	জনাব মোঃ আমিন উর রশীদ শাহ পরিধারণ ও মূল্যায়ন কর্মকর্তা -২	ঐ	
৯	জনাব দুলাল চন্দ্র সরকার প্রশাসনিক কর্মকর্তা	ঐ	
১০	জনাব জয়শ্রী প্রভা সাহা জুনিয়র অফিসার	ঐ	
১১	জনাব শিপ্রা বড়ুয়া এসিসি	ঐ	
১২	জনাব জ্যোতিশ চন্দ্র রায় সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর	ঐ	
১৩	জনাব সবিতা ভট্টাচার্য কেয়ারটেকার	ঐ	
১৪	জনাব মোঃ আবদুর রাজ্জাক উচ্চমান সহকারী	ঐ	
১৫	জনাব মোস্তার আহমেদ হিসাব সহকারী	ঐ	
১৬	জনাব মাহাবুব মুর্শিদ সিসিটি	ঐ	